

বেসরকারি ভার্সিটি দোকান নয়

নিজস্ব প্রতিবেদক ৪ মার্চ ২০১৯ ০১:২৮



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেছেন, দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয় মানসম্মত শিক্ষাদানে সক্ষম হচ্ছে না। অনেক বিশ্ববিদ্যালয়ে ব্যবস্থাপনাজনিত দুর্বলতা রয়েছে।

অনেকের যোগ্য শিক্ষকের অভাব রয়েছে। নেই ভালো গ্রন্থাগার। পর্যাপ্ত সুযোগ-সুবিধার অভাবে শিক্ষার মান কাল্পনিক স্তরে পৌঁছানো সম্ভব হচ্ছে না। তিনি বলেন, মনে রাখতে হবে কোনো বিশ্ববিদ্যালয় সার্টিফিকেট বিক্রির দোকান হতে পারে না। নিজেদের স্বার্থেই এসব বিশ্ববিদ্যালয়কে সব সমস্যার সমাধান করতে হবে। গতকাল রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সিটি ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে এসব কথা বলেন আবদুল মান্নান।

নতুন গ্র্যাজুয়েটদের শুভেচ্ছা জানিয়ে ইউজিসি চেয়ারম্যান বলেন, একজন আলোকিত মানুষ হয় অসম্প্রদায়িক সত্যানুসন্ধানী, সহনশীল ও মানবিক মূল্যবোধসম্পন্ন। এ জন্য জানতে হয় নিজের মাতৃভাষা, ইতিহাস ও ঐতিহ্য, বিশ্বসভ্যতা, দর্শন, মানবজাতির ইতিহাসসহ আরও বিভিন্ন বিষয়। আমি আশা করি তোমাদের শিক্ষা প্রতিষ্ঠান এসব জিনিস

শিখিয়েছে। আবদুল মান্নান বলেন, শিক্ষা ও জ্ঞান একটি চলমান প্রক্রিয়া।

এটি মনে করার কোনো কারণ নেই যে, আজকের এই সমাবর্তনের মধ্য দিয়ে গ্র্যাজুয়েটদের শিক্ষাজীবনের সমাপ্তি ঘটছে। প্রাতিষ্ঠানিক শিক্ষাজীবন শেষ হতে পারে, কিন্তু বাস্তবজীবনের আসল শিক্ষা শুরু এখন থেকেই।

সমাবর্তনে স্নাতক পর্যায়ে ৩ হাজার ৬১ ও স্নাতকোত্তর পর্যায়ে ৪৭১ জনকে ডিগ্রি প্রদান করা হয়। এ ছাড়া সম্মিলিত মেধাতালিকায় সেরা তিনজনকে চ্যাম্পেলর স্বর্ণপদক তুলে দেওয়া হয়। তারা হলেন N ইংরেজি বিভাগের ছাত্রী শিরীন শিলা, বিবিএ বিভাগের আমবারিন খান ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্রী মোরশেদা খাতুন।

শেয়ার ফেসবুক